

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯০২
কমলপুর, ১৪ আগস্ট, ২০২৪

হর ঘর তিরঙ্গা অভিযান
কমলপুরে তিরঙ্গা যাত্রা

৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে হর ঘর তিরঙ্গা অভিযানে আজ কমলপুরে তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়। কমলপুর নগর পঞ্চায়েতের উদ্যোগে এই তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়। তিরঙ্গা যাত্রায় বিধায়ক মনোজ কান্তি দেব, বিধায়ক স্বপ্না দাস পাল, কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা, কমলপুর মহকুমার মহকুমা শাসক এল ডার্লং, বিভিন্ন দপ্তরের আধিকারিক ও বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশ নেন। তিরঙ্গা যাত্রা কমলপুর টাউনহল থেকে শুরু করে নগর পঞ্চায়েত এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে।
